# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 14-01-2026 Time: 7.35 AM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ আইপ্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও সল্টলেকের অফিসে ইডির তল্লাশিতে মুখ্যমন্ত্রীর বাধা দেওয়ার অভিযোগে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়ায় মামলার আজ শুনানি।

২/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় এরাজ্যে এখনও ৬৫ লক্ষের বেশি ভোটারের শুনানির নোটিশ জারি হয়েছে।

৩/ দেশের অন্যান্য রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গ ও উত্তরপূর্বের রাজ্যগুলির যোগাযোগ ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে এরাজ্য থেকে বেশ কয়েকটি অমৃত ভারত এক্সপ্রেস চালু করার সিদ্ধান্ত রেলমন্ত্রকের।

৪/ আজ মকর সংক্রান্তি। গঙ্গাসাগরে পুণ্যস্নানে নেমেছে মানুষের ঢল।

৫/ রাজ্যে নিপা ভাইরাসে আক্রান্ত সন্দেহে দুই স্বাস্থ্যকর্মীর নমুনা পরীক্ষার রিপোর্ট পজিটিভ।

oooooooooooooooooooooooooo

কলকাতার লাউডন স্ট্রীটে ভোট পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও সল্টলেকের অফিসে ইডির তল্লাশিতে মুখ্যমন্ত্রীর বাধা দেওয়ার অভিযোগে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়ায় মামলার শুনানি হবে আজ। বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চে দুপুর আড়াইটেয় শুরু হবে শুনানি। পুরো প্রক্রিয়া লাইভ স্ট্রিমিং করা হবে বলে হাইকোর্টের তরফে ভারপ্রাপ্ত প্রধান

বিচারপতির আদেশানুসারে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। শুনানি চলাকালীন এজলাসে মামলার সঙ্গে যুক্ত আইনজীবীরা ছাড়া অন্য কেউ প্রবেশ করতে পারবেন না বলেও জানানো হয়েছে।

এর আগে, মুখ্যমন্ত্রী জোর করে নথিপত্র ছিনিয়ে নিয়েছেন - এই অভিযোগ নিয়ে হাইকোর্টের বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চের দ্বারস্থ হয় ইডি। গত শুক্রবার এজলাসে চরম বিশৃঙ্খলার কারণে বিচারপতি শুভ্রা ঘোষ শুনানির দিন পিছিয়ে দেন। একইসঙ্গে আইপ্যাকের তরফেও মামলা দায়েরের অনুমতি চাওয়া হয়।

উল্লেখ্য, ইতোমধ্যেই ইডির তরফে বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্টে আবেদন জানানো হয়েছে। রাজ্য সরকারের তরফেও দায়ের করা হয়েছে ক্যাভিয়েট।

oooooooooooooooooooooooooo

বেআইনী অর্থ লগ্নি সংস্থা রোজভ্যালির প্রায় ৩০ হাজার কোটি টাকার সম্পত্তি নয়ছয় নিয়ে সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিস SFIO-কে তদন্ত শুরুর নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ ও বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ আগামী একমাসের মধ্যে তদন্ত করে আদালতে প্রাথমিক রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে। অনিয়ম চোখে পড়লে কেন্দ্রীয় সংস্থাটি তৎক্ষণাৎ ফরেন্সিক অডিট শুরু করবে। এর জন্য কেন্দ্রীয় কর্পোরেট অ্যাফেয়ার্স মন্ত্রককে দ্রুত অনুমোদন দিতে হবে বলেও নির্দেশ দিয়েছে হাইকোর্ট। ১২ই ফেব্রুয়ারি এ সংক্রান্ত রিপোর্ট SFIO-কে আদালতে জমা দিতে হবে।

ooooooooooooooooooooooooooo

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় এরাজ্যে এখনও ৬৫ লক্ষের বেশি ভোটারের শুনানির নোটিশ জারি হয়েছে। অর্ধেকের বেশি নোটিশ ইতোমধ্যেই সংশ্লিষ্ট ভোটারদের কাছে পৌঁছে দেওয়া হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। এক কোটির বেশি ভোটারকে শুনানিতে ডাকার লক্ষ্য স্থির করা হলেও এখনও পর্যন্ত ৯ লক্ষের কিছু বেশি শুনানি সম্পন্ন হয়েছে। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, মুর্শিদাবাদ, নদিয়ার মতো বড় জেলায় নোটিস পৌঁছানো ও শুনানির কাজ পিছিয়ে থাকায় ওই জেলাগুলিকে কাজে গতি আনার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন।

অতিরিক্ত মাইক্রো অবজারভার নামানো এবং শুনানি কেন্দ্রের সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে।

oooooooooooooooooooooooooo

রাজ্যে এস আই আর প্রক্রিয়াকে সুষ্ঠুভাবে চালাতে প্রতি পদক্ষেপে বাধা দেওয়া হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য গতকাল সাংবাদিক বৈঠকে বলেন, তৃণমূল কংগ্রেস মানুষের মনে এস আই আর প্রক্রিয়া নিয়ে আতঙ্ক তৈরি করেছে।

(বাইট – শমীক)

oooooooooooooooooooooooooooooo

রাজ্যে এসআইআর প্রক্রিয়ায় বৈধ ভোটারদের নাম কোনওভাবে ভোটার তালিকা থেকে বাদ গেলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিএলও, ইআরও, জেলাশাসকের অফিসে গিয়ে অভিযোগ জানাতে বলেছেন। নবান্নে গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি মতুয়া ধর্মাবলম্বী, পরিযায়ী শ্রমিক, নতুন ভোটার এবং স্থানান্তরিত ভোটারদের নথি জমা দিলে রশিদ নেবার পরামর্শ দিয়েছেন।

মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন যে ইতোমধ্যেই ৫৪ লক্ষ নাম কোনও কারণ দর্শানোর সুযোগ না দিয়েই তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooooooooo

এস আই আর প্রক্রিয়া নিয়ে মুখ্যমন্ত্রী ভীত হয়ে পড়েছেন বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, ইতোমধ্যে ৪৮ লক্ষ ভোটদাতার নাম বাদ গেছে। এর মধ্যে, মৃত এবং স্থানান্তরিত ভোটারদের নাম রয়েছে। মুখ্য নির্বাচন কমিশনারকে লেখা মুখ্যমন্ত্রীর প্রতিটি চিঠিতেই কোনও সঠিক তথ্য নেই বলেও তিনি উল্লেখ করেন। কিছু এলাকায় বি এল ও এবং এ ই আর ও-রা উদ্দেশ্যপ্রণোদিতভাবে এস আই এর-এর শুনানি প্রক্রিয়াকে ব্যহত করার প্রচেষ্টা চালাচ্ছে বলেও সুকান্তবাবুর অভিযোগ।

বাইট – সুকান্ত

oooooooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস দেশের গণতন্ত্রের অবমাননা করছে বলে তাদের কড়া সমালোচনা করেছে বিজেপি। নতুন দিল্লিতে গতকাল এক সাংবাদিক বৈঠকে বিজেপি মুখপাত্র তুহিন সিনহা, অর্থ তছরুপেরএক

মামলায়, বেসরকারি সংস্থা আই প্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে এনফোর্সমেন্ট নির্দেশালয় ইডি-র অভিযানে, তৃণমূল কংগ্রেস নেত্রী তথা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর হস্তক্ষেপের কথা তুলে ধরেন। শ্রী সিনহা বলেন, এই ঘটনার পর এমন অনেক কিছু মানুষের সামনে এসেছে যা তৃণমূল কংগ্রেসের রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে নানা প্রশ্ন তুলে দিচ্ছে। SIR-এর কাজের চাপে এক বি এল ও-র মৃত্যু নিয়ে তৃণমূল কংগ্রেসের অভিযোগকে খারিজ করে দিয়ে শ্রী সিনহা বলেন, আসল ঘটনা সম্পূর্ণ আলাদা এবং এক্ষেত্রে তৃণমূল কংগ্রেস স্পষ্টতই মিথ্যাচার করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের অন্যান্য রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গ ও উত্তরপূর্বের রাজ্যগুলির যোগাযোগ ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে এরাজ্য ও অসম থেকে মোট ৯ টি অমৃত ভারত এক্সপ্রেস চালু হতে চলেছে বলে রেলমন্ত্রক জানিয়েছে। ট্রেনগুলি হল, সাঁতরাগাছি – তামবারাম, হাওড়া – আনন্দবিহার টার্মিনাল, শিয়ালদা – বেনারস, নিউ জলপাইগুড়ি – নাগেরকোয়েল, নিউ জলপাইগুড়ি - তিরুচিরাপ্পাল্লি, আলিপুরদুয়ার - SMVT বেঙ্গালুরু, আলিপুরদুয়ার – পানভেল , গুয়াহাটি – রোহতক এবং ডিব্রুগড় – গোমতিনগর অমৃত ভারত এক্সপ্রেস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি চলতি সপ্তাহেই এই ট্রেনগুলির যাত্রার সূচনা করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ‘বিশ্বের চোখে ভারত’। বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকারের সঙ্গে কথা বলেছেন দিব্য দে ।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য চলতি মাসের ২৩ তারিখ পর্যন্ত পরামর্শ গ্রহণ করা হবে।

oooooooooooooooooooooooo

আজ মকর সংক্রান্তি। সূর্য্যের রাশিচক্রে ধনু রাশি থেকে মকর রাশিতে প্রবেশ, গতিপথে দক্ষিণ থেকে উত্তরমুখি যাত্রার সূচনা। পৌষ মাসের অবসানের পর শীতের শেষে বসন্তের আগমন বার্তা। সূর্য্যের গতিপথের সঙ্গে সাযুজ্য থাকায় আজ দেশের বিভিন্ন অংশে দিনে কৃষি সংক্রান্ত নানা উৎসব উদযাপিত হয়। মাঠে নতুন চাল ওঠায় এই দিনে পিঠে পুলি খাওয়ার রেওয়াজ রয়েছে, আকাশে ঘুড়ি ও ফানুস ওড়ানো, বাজি ফাটানোর উৎসব হয় দেশের সর্বত্র।

এদিকে মকর সংক্রান্তি উপলক্ষে ধর্মীয় বিশ্বাসে রাজ্যের বহু মানুষ গঙ্গা সহ বিভিন্ন নদ-নদী, জলাশয়ে পুণ্য স্নান শুরু করে দিয়েছেন। গঙ্গা সাগরে পুন্যার্থীদের সাগর স্নান পর্ব চলছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – গৌতম)

ooooooooooooooooooooooooooooooo

মকর সংক্রান্তির ভোরে আজ রাঢ়বাংলার বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম সহ বিভিন্ন স্থানে তুষু বিসর্জন হয়েছে। গতরাত্রে একমাস ব্যাপি পুজোর শেষে তুষু জাগরণ অনুষ্ঠিত হয়েছে। দক্ষিণ

বাঁকুড়ার তুষুতীর্থ হিসাবে পরিচিত পোরকুলে গতকাল থেকে মেলা বসেছে। আজ বহু স্থানে নদীর ধারে কেন্দুলির মেলা, ঘুড়ি ওড়ানো, লাঠিখেলা সহ লৌকিক ক্রীড়ার আয়োজন হয়েছে। সংক্রান্তির দিন বিভিন্ন পরিবারে অরন্ধন ও পৌষলক্ষ্মীর পুজোরও আয়োজন হয়েছে।

oooooooooooooooooooooooooooo

মকর সংক্রান্তিতে শীতের আমেজ থাকলেও তাপমাত্রার পারদে তেমন হেরফের ঘটেনি। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৩ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, যা প্রায় স্বাভাবিক। আগামী সাতদিন রাজ্যে ন্যূনতম তাপমাত্রার বিশেষ পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। সকালের দিকে কোনও কোনও জেলায় হালকা থেকে মাঝারি কুয়াশার পূর্বাভাষ দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooooooo

রাজ্যে নিপা ভাইরাসে আক্রান্ত সন্দেহে বারাসাতের হাসপাতালে ভর্তি দুই স্বাস্থ্যকর্মীর নমুনা পরীক্ষার রিপোর্ট পজিটিভ এসেছে। পুনের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ভাইরোলজি এই খবর নিশ্চিত করেছে। ওই দুই স্বাস্থ্যকর্মীর অবস্থা অত্যন্ত সঙ্কটজনক বলেও জানা গেছে। তাঁরা এই মুহূর্তে ভেন্টিলেশনে রয়েছেন। চিকিৎসকদের নির্দেশ অনুযায়ী সংক্রমণ ছড়িয়ে পড়া রুখতে কড়া সতর্কতা অবলম্বন করছেন স্বাস্থ্যকর্মীরা। তাঁদের সংস্পর্শে আসা ব্যক্তিদের খুঁজে বের করতে চলছে কনট্যাক্ট ট্রেসিং-এর কাজ।

নিপা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে সর্বতোভাবে রাজ্যের পাশে থাকার বার্তা দিয়েছে কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা সামাজিক মাধ্যমে এক বার্তায় এব্যাপারে রাজ্যকে পরিস্থিতি মোকাবিলা এবং রোগ ছড়িয়ে পড়া ঠেকাতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।

এদিকে, আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বেলেঘাটা আইডি হাসপাতালে ১০ টি এমার্জেন্সি শয্যা এবং ওয়ার্ডে ৬৮ টি শয্যা প্রস্তুত রাখা হয়েছে। একইসঙ্গে ওই হাসপাতালে একটি বিশেষ আইসোলেশন ওয়ার্ড খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্বাস্থ্য দফতর সূত্রে জানানো হয়েছে, নিপা আক্রান্ত বা সন্দেহভাজনদের চিকিৎসার জন্য এই হাসপাতালের একটি পুরো তল বা 'ফ্লোর' নির্দিষ্ট করা হচ্ছে। দ্রুততার সঙ্গে প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জাম দিয়ে এই ওয়ার্ডটিকে সাজিয়ে তোলার কাজ শুরু হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কর্নেল সি কে নাইডু অনূর্ধ্ব - ২৩ ট্রফির জন্য বাংলার দল ঘোষণা করা হয়েছে। বাংলা ক্রিকেটের নিয়ামক সংস্থা ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল-এর তরফে গতকাল এ-কথা জানানো হয়। দলের নেতৃত্ব দেবেন শশাঙ্ক সিং। আগামী ২৩ থেকে ২৬ জানুয়ারি মুম্বইতে এই প্রতিযোগিতা চলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০